

## অমর একুশে গ্রন্থমেলায় পরিসর কমছে

### ■ সমকাল প্রতিবেদক

বাংলা একাডেমিতে নির্মাণ হচ্ছে নতুন বিক্রয় কেন্দ্র। এ কারণে গ্রন্থমেলায় পরিসর সংকুচিত হওয়ায় কমে যাচ্ছে ৪০ ইউনিট স্থল। একাডেমির বাইরের সড়কের পূর্ব পাশের দেয়াল ঘেঁষে কয়েকটি ষ্টল বসিয়ে মেলায় পরিধি ঠিক রাখার চিন্তাভাবনা চলছে। গতবারের মতো এবারও মেলায় প্রকৃত পুস্তক প্রকাশনা সংস্থা ছাড়া কোনো সংস্থা বা রাজনৈতিক দলের ষ্টল থাকছে না। নাশকতা রোধে গড়ে তোলা হবে কঠোর নিরাপত্তা বন্দর। থাকবে ক্রোজ সার্কিট ক্যামেরা। একাডেমির ভেতর ও বাইরের সাজসজ্জাও করা হবে নান্দনিকভাবে। বাংলা একাডেমি সূত্রে এ সব তথ্য জানা গেছে।

সূত্রটি জানায়, বুধবার বিকেলে মেলা পরিচালনার স্থান সংক্রান্ত উপ-কমিটির এ বৈঠকে এসব সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আজ বৃহস্পতিবার দুপুর ১২টায় একাডেমির সভাকক্ষে বৈঠকে সিদ্ধান্তগুলোকে চূড়ান্ত অনুমোদন দেওয়া হবে। একাডেমির সচিব আলতাফ হোসেনের সভাপতিত্বে বৈঠকে উপস্থিত ছিলেন মেলা পরিচালনা কমিটির সদস্য সচিব শাহিদা খাতুন, সদস্য ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য বাহাদুল মঞ্জুন চন্দ্র, সুভাষ সিংহ রায়, সম্মিলিত সাংস্কৃতিক জোটের সহসভাপতি গোলাম কুদ্দুছ ও সাধারণ সম্পাদক হাসান আরিফ, জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতির নির্বাহী পরিচালক মিলনকান্তি নাথ এবং পুস্তক বিক্রয়তা সমিতির সভাপতি আলমগীর শিকদার পোতন।